দুরালাপনী ঃ +৮৮ ০২৩৩৩৩২৩৮০১-৮০৪
Website: www.cnfctg.org, www.cnfctg.net
E-mail: cnfctg@gmail.com, cnfctg@yahoo.com

# চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

## CHATTOGRAM CUSTOMS AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম-৪১০০

প্রচার পত্র নং- ২৬/২০২৬ তারিখঃ ২৬/০৪/২০২৬ খ্রি.

সম্মানিত সদস্যবৃন্দের প্রতি,

## ৩৯তম বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি

আগামী **১১/০৫/২০২৬ খ্রি. সোমবার বিকাল ৩:০০ ঘটিকায়** এসোসিয়েশনের ৩৯তম বার্ষিক সাধারণ সভা **ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, চট্টগ্রাম কেন্দ্র, এস এস খালেদ রোড, চট্টগ্রাম** এ অনুষ্ঠিত হবে।

উক্ত বার্ষিক সাধারণ সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য সম্মানিত সদস্যবৃন্দকে অনুরোধ জানানো যাচ্ছে।

<u>আলোচ্যসূচী ঃ</u>

০১। ১৪/০৫/২০২৫ খ্রি. তারিখে অনুষ্ঠিত ৩৮তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।

০২। সাধারণ সম্পাদক কর্তৃক ২০২৫ খ্রি. সালের প্রতিবেদন উপস্থাপন ও অনুমোদন।

০৩। অর্থ সম্পাদক কর্তৃক এসোসিয়েশনের ২০২৫ খ্রি. সালের নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন উপস্থাপন ও অনুমোদন।

০৪। এসোসিয়েশনের ২০২৬ খ্রি. সালের প্রস্তাবিত বাজেট অনুমোদন।

০৫। কল্যাণ তহবিল হতে হালনাগাদ সদস্যদের ২৫,০০০/- টাকা করে পরিশোধিত আর্থিক প্রণোদনা অনুমোদন।

০৬। এসোসিয়েশনের তহবিল হতে ঋণ গ্রহণ করে সি এন্ড এফ টাওয়ারের সার্টিফিকেটের বিপরীতে লভ্যাংশ প্রদান প্রসঙ্গে এবং সি এন্ড এফ টাওয়ার নীতিমালার আইনসম্মত সংশোধনী প্রস্তাব অনুমোদন।

০৭। অভ্যন্তরীণ হিসাব নিরীক্ষা কমিটি গঠন।

০৮। এসোসিয়েশনের ২০২৬ খ্রি. সালের হিসাব নিরীক্ষার জন্য অডিটর নিয়োগ ও তাঁদের সম্মানী নির্ধারণ।

০৯। কাস্টমস আইন ও তৎসংশ্লিষ্ট বিধি-বিধানের সাথে সামঞ্জস্য রেখে এসোসিয়েশনের গঠনতন্ত্র সংশোধন করে যুগোপযোগীকরণ প্রসঙ্গে।

১০। নবসৃষ্ট কাস্টমস হাউস, আইসিডি, চট্টগ্রামের অধিক্ষেত্রাধীন আমদানি-রপ্তানি কার্যক্রমে সম্মানিত সদস্যদের প্রয়োজনীয় সহযোগিতা নিশ্চিতকল্পে "অফ-ডক/আইসিডি বিষয়ক সম্পাদক" নামে নতুন পদ সৃজন প্রসঙ্গে।

১১। টেন্ডার, ভ্যাট ও নিম্নতম কমিশন বিষয়ক নীতিমালা সংশোধন প্রস্তাব অনুমোদন।

১২। এসোসিয়েশনের নির্বাচনে সকল সদস্যের ভোটাধিকার নিশ্চিতকল্পে ঢাকা, মোংলা ও বেনাপোলস্থ সি এন্ড এফ এসোসিয়েশনসমূহে ভোটগ্রহণের ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

১৩। দ্বিতীয় প্রজেক্ট বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা।

১৪। বিবিধ (সভাপতির অনুমতিক্রমে)।

বিঃ দ্রঃ- ১. সভায় অংশগ্রহণের জন্য ব্যক্তি মালিকানা প্রতিষ্ঠানের ক্ষেত্রে কাস্টমস্ কর্তৃপক্ষ প্রদত্ত বুকলেট/পরিচয় পত্র আনতে হবে। অংশীদারী প্রতিষ্ঠান ও লিমিটেড কোম্পানীর ক্ষেত্রে চেয়ারম্যান, ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা অংশীদার নিজে অংশগ্রহণ করলে তাঁর কাস্টমস্ কর্তৃপক্ষ প্রদত্ত বুকলেট ও পরিচয় পত্র এবং পরিচালক, অংশীদার অংশগ্রহণ করলে চেয়ারম্যান, ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা অংশীদার হতে প্রতিষ্ঠানের লেটার হ্যাডে প্রাধিকার পত্র আবশ্যক। সভায় কোন বিষয়ে মতামতের সংখ্যাধিক্য নির্ণয়ের প্রয়োজন হলে উক্ত দলিলাদি প্রয়োজন হবে।

২. সম্মানিত সদস্যবৃন্দের বিবিধ কোনো এজেন্ডা থাকলে, বার্ষিক সাধারণ সভার কমপক্ষে ৭২ ঘণ্টা পূর্বে তা লিখিতভাবে এসোসিয়েশনকে অবহিত করার অনুরোধ করা হলো।

**এস এম সাইফুল আলম**
সভাপতি

**মো: শওকত আলী**
সাধারণ সম্পাদক